



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন নং: ০২৪৭-৮৬০৫০৭  
E-mail : dgmbdsd@rakub.org.bd  
Web : www.rakub.org.bd

প্রধান কার্যালয়, রাজশাহী  
পর্যদ সচিবালয়

রাকাব-এর প্রতিশ্রুতি, শুল্কের কোঠার দুর্নীতি।  
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

সার্কুলার নম্বর-পস-০১/২০১৯

তারিখ: ৩১.০১.২০১৯

**বিষয়: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের বিভিন্ন স্তরের/পর্যায়ের কর্মকর্তাগণের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা পুনঃবন্টন/পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের বিভিন্ন স্তরের/পর্যায়ের কর্মকর্তাগণের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা সম্বলিত সর্বশেষ নীতিমালা পর্যদ সচিবালয়ের পরিপত্র নং-পস-০১/২০০৮ এর মাধ্যমে মাঠ পর্যায়ে জারি করা হয়। ব্যাংকের দৈনন্দিন কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ সুষ্ঠুভাবে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের মধ্যে বন্টনকৃত বিদ্যমান আর্থিক, প্রশাসনিক ও ব্যবসায়িক ক্ষমতা পুনঃবন্টন/পুনঃনির্ধারণের অংশ হিসেবে ইতোমধ্যে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সার্কুলার নং-০৯/২০১৭ তারিখ: ১৫.১১.২০১৭ এর মাধ্যমে ব্যবসায়িক ক্ষমতা (Business Delegation) পুনঃনির্ধারণ করে মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।


০২। আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা ১৩.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্যদের ৪৮৬তম সভায় অনুমোদিত হয়েছে।

০৩। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ এতদসম্পর্কিত সংজ্ঞা ও ক্ষমতা প্রয়োগের সাধারণ নির্দেশনাবলী যা সংযোজনী-১ এ উল্লেখ আছে তা যথাযথভাবে অনুসরণ করবেন। আর্থিক ক্ষমতা (সংযোজনী-২) ও প্রশাসনিক ক্ষমতা (সংযোজনী-৩) এতদসঙ্গে যুক্ত করা হলো।

০৪। পুনঃবন্টন/পুনঃনির্ধারিত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা এ সার্কুলার জারির তারিখ হতে কার্যকর হবে। পর্যদ সচিবালয়ের ৩০.০৭.২০০৮ তারিখে জারিকৃত পরিপত্র নং পস-০১/২০০৮ এর আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার অংশসহ ইতঃপূর্বে জারিকৃত এতদবিষয়ক সকল সার্কুলার/সার্কুলার লেটার/পত্রাদি বাতিল বলে গণ্য হবে।

০৫। আর্থিক ক্ষমতার বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে পর্যদ সচিবালয়ের এবং প্রশাসনিক ক্ষমতার জন্য কর্মী ব্যবস্থাপনা বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে,

  
৩১/১/২০১৯  
(মোঃ মোয়াজ্জেম হোসেন)

সচিব (অতিঃ দায়িত্ব)


ফোন: ০২৪৭-৮৬০৫০৭

সূত্র নং-প্রকা/পস-৩(১)/২০১৮-২০১৯/২৮১(৪৫৭)

তারিখ : - ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী ও রংপুর।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/সেল ও ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী(সার্কুলারটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা ও ব্যবস্থাপক (সমব্য), রাকাব স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

  
৩১.০১.২০১৯  
(মোঃ হাসানুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক

## সংজ্ঞা ও ক্ষমতা প্রয়োগের নির্দেশাবলী

### ০১। সংজ্ঞা

এই ক্ষমতা অর্পণ পত্রের বিষয়াদির পরিপন্থী কিছু উল্লেখ না থাকলে

- (ক) 'ব্যাংক' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- (খ) 'প্রধান কার্যালয়' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্রধান কার্যালয়।
- (গ) 'প্রশিক্ষণ ইনস্টিটিউট' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্রশিক্ষণ ইনস্টিটিউট।
- (ঘ) 'বোর্ড' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদ/বোর্ড।
- (ঙ) 'চেয়ারম্যান' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান।
- (চ) 'পরিচালক' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য।
- (ছ) 'ব্যবস্থাপনা পরিচালক' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক।
- (জ) 'কর্মকর্তা' অর্থ অফিসার/কর্মকর্তা।
- (ঝ) 'উপব্যবস্থাপনা পরিচালক' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক।
- (ঞ) 'মহাব্যবস্থাপক' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মহাব্যবস্থাপক।
- (ট) 'উপমহাব্যবস্থাপক' অর্থ প্রধান কার্যালয়ের একটি বিভাগের দায়িত্বে নিয়োজিত ব্যাংকের একজন উপ-মহাব্যবস্থাপক অথবা একজন সমমর্যাদার কর্মকর্তা এবং একটি বিভাগের উপ-মহাব্যবস্থাপক এর অনুপস্থিতিতে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক যথাযথভাবে অনুমোদিত বিভাগীয় দায়িত্ব পালনকারী একজন সহকারী মহাব্যবস্থাপক।
- (ঠ) 'সচিব' অর্থ ব্যাংকের পর্ষদ সচিব এবং তাঁর অনুপস্থিতিতে সচিব হিসাবে দায়িত্বপ্রাপ্ত অন্য কোন অনুমোদিত কর্মকর্তা।
- (ড) 'মন্ত্রণালয়' অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- (ঢ) 'বাংলাদেশ ব্যাংক' অর্থ বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক।
- (ণ) 'ঢাকা কর্পোরেট শাখা/এলপিও-এর ব্যবস্থাপক' অর্থ উপ-মহাব্যবস্থাপক পর্যায়ের ব্যবস্থাপক অথবা দায়িত্বপ্রাপ্ত অন্য কোন অনুমোদিত কর্মকর্তা।
- (ত) 'জোনাল ব্যবস্থাপক' অর্থ জোনাল কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা।
- (থ) 'অধ্যক্ষ' অর্থ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অধ্যক্ষের দায়িত্বে নিয়োজিত কোন উপ-মহাব্যবস্থাপক অথবা দায়িত্বপ্রাপ্ত অন্য কোন অনুমোদিত কর্মকর্তা।
- (দ) 'বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা' অর্থ বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।
- (ধ) 'জোনাল নিরীক্ষা কর্মকর্তা' অর্থ জোনাল নিরীক্ষা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা।
- (ন) 'ব্যবস্থাপক' অর্থ ব্যাংকের কোন শাখার ব্যবস্থাপক অথবা দায়িত্বপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা।
- (প) 'অন্যান্য কার্যালয়' অর্থ বিভাগীয় কার্যালয়, জোনাল কার্যালয়, বিভাগীয়/জোনাল নিরীক্ষা কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা এবং স্থানীয় মুখ্য কার্যালয়সহ ব্যাংকের সকল শাখা/কার্যালয়কে বুঝাবে।

### ০২। ক্ষমতা প্রয়োগের সাধারণ নির্দেশনাবলী

- (ক) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাযথ সচেতনতা, বিচক্ষণতা ও নিরপেক্ষতার সাথে অর্পিত যে কোন ধরনের ক্ষমতা প্রয়োগ করবেন এবং যে কোন ধরনের খরচের/ব্যয়ের অপচয় অবশ্যই পরিহার করবেন। ব্যাংক কর্তৃক গৃহীত বর্তমান বলবৎ পদ্ধতি, নিয়মাবলী ও বিধি-বিধান সম্বলিত নীতিমালা কঠোরভাবে অনুসরণ করবেন। এই ক্ষমতা অর্পণনামায় যে সকল বিষয়ে ও খাতে আর্থিক পরিমাণ উল্লেখ করা হয় নাই সে সকল বিষয়ে প্রচলিত বিধি-বিধান (পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-PPR) প্রযোজ্য হইবে। এ ক্ষমতা অর্পণনামার কোন বিষয়ের সাথে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার কোন বিষয় সাংঘর্ষিক হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুসরণ করতে হবে;
- (খ) উপব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপকগণকে প্রদত্ত ক্ষমতার অধিক সীমার ক্ষমতা প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক প্রয়োগ করবেন। ব্যবস্থাপনা পরিচালক সুনির্দিষ্ট বা সাধারণ আদেশ বলে যে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা যে কোন শ্রেণীর কর্মকর্তাকে প্রদত্ত যে কোন ধরনের ক্ষমতা প্রয়োগ করা হতে সাময়িকভাবে বিরত রাখতে অথবা হ্রাস অথবা বাতিল করতে পারবেন;
- (গ) কোন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তাঁর অধঃস্তন কর্মকর্তাকে প্রদত্ত আর্থিক ক্ষমতা প্রয়োগ করতে পারবেন;
- (ঘ) এ ক্ষমতা অর্পণ আদেশে যে ক্ষমতা অর্পণ করা হয়নি তা ব্যবস্থাপনা পরিচালক অথবা তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রয়োগ করবেন; এবং
- (ঙ) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়ন্ত্রণযোগ্য খাতসমূহে কৃচ্ছতা অবলম্বনসহ আর্থিক শৃঙ্খলা অনুশীলন করবেন (আপ্যায়ন, জ্বালানী, বিবিধ ইত্যাদি)।

০৩। উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ

যে কোন বিষয়ে সংশ্লিষ্ট ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার ক্ষমতা বহির্ভূত ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ করতে হবে। শাখা/জোনাল ব্যবস্থাপকগণের ক্ষমতা বহির্ভূত প্রস্তাব জোনাল/বিভাগীয়/প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৪। ব্যয়ের শ্রেণীবিন্যাস

বর্তমানে বলবৎ শ্রেণীবিন্যাস অনুযায়ী যথাযথ হিসাবের খাতে সকল ধরনের খরচ অন্তর্ভুক্ত করতে হবে। এতদসম্পর্কিত যে কোন পরিবর্তন/পরিবর্তনে ব্যবস্থাপনা পরিচালকের পূর্বানুমোদনের প্রয়োজন হবে।

০৫। বাজেট বরাদ্দ

কোন অর্থবছরের যে কোন খাতের খরচ/ব্যয় সংশ্লিষ্ট অর্থবছরের সংশ্লিষ্ট খাতের বাজেট বরাদ্দের মধ্যে বিধি মোতাবেক সীমাবদ্ধ রাখতে হবে।

০৬। বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয়ের এখতিয়ার

(ক) এই ক্ষমতা অর্পণনামার আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত কোন অনুচ্ছেদে যাই উল্লেখ থাকুক না কেন ব্যাংকের বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় আর্থিক শৃঙ্খলা এবং খরচের মিতব্যয়ীতা নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংকের ব্যয়ের উপর এবং দ্রব্য সামগ্রী ও সেবাদি ক্রয়ের/সংগ্রহের উপর তাদের নিয়ন্ত্রণ ক্ষমতা প্রয়োগ করবে;

(খ) ঢাকা শাখার ক্ষেত্রে ব্যয় পরবর্তী নিরীক্ষা কার্যাদি সম্পাদিত হবে;

(গ) বিভাগীয় মহাব্যবস্থাপকগণ/জোনাল ব্যবস্থাপকগণ বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয়ের প্রাক ছাড়পত্র গ্রহণ ছাড়াই প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত খরচ অনুমোদন করতে পারবেন। শাখা ও মাঠ কার্যালয়ে কর্মরত (posted) কর্মকর্তাদের ক্ষমতা বহির্ভূত খরচের বেলায় যে ক্ষেত্রে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার মঞ্জুরির প্রয়োজন, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগের ছাড়পত্র গ্রহণ করতে হবে; এবং

(ঘ) ২৫,০০০/- টাকা পর্যন্ত নগদ ক্রয়ের (স্পট কোটেশন) ক্ষেত্রে বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগের পূর্বানুমোদন গ্রহণের প্রয়োজন পড়বে না। অন্যান্য পদ্ধতিতে ৫০,০০০/-টাকার উর্ধ্ব ক্রয়ের ক্ষেত্রে বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগের/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের/জোনাল নিরীক্ষা কার্যালয়ের পূর্ব সম্মতি (prior concurrence) ব্যতীত ব্যাংকের কোন কার্যালয় কোন দ্রব্যাদি বা সেবাদি ক্রয় বা কোন কাজের কার্যাদেশ প্রদান করবে না। সকল ধরনের ক্রয়ের ক্ষেত্রে PPR এর বিধান অনুসরণ করতে হবে। ব্যবস্থাপনা পরিচালকের মঞ্জুরিতে প্রদানযোগ্য ব্যয়/খরচের বিল প্রদানের ক্ষেত্রেও সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরকে বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ হতে সংশ্লিষ্ট ব্যয়/খরচের অর্থ প্রদানের ছাড়পত্র ও চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি ব্যবস্থাপনা পরিচালকের নিকট উপস্থাপন করতে হবে।

(ঙ) সর্বোচ্চ ১০০০/- টাকা পর্যন্ত দ্রব্য ও সেবাদি দরপত্র (Quotation) ছাড়াই ক্রয় করা যাবে।

০৭। সম্মতি বিহীন খরচ/ব্যয়

সুদ, কমিশন ও এক্সচেঞ্জ, ভ্রমণ ব্যয় (বৈদেশিক ভ্রমণ ব্যয় ব্যতীত), অফিস চত্বর ভাড়া বাবদ (premises) ও আবাসিক সংস্থান (residential accommodation), গ্যারেজ, গুদামঘর ইত্যাদির ভাড়া এবং সময়ে সময়ে বিশেষভাবে ছাড়প্রাপ্ত অন্য কোন খাতে খরচের অর্থ প্রদানের জন্য বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগের/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয়ের কোন সম্মতির প্রয়োজন হবে না।

০৮। প্রাক নিরীক্ষা রহিতকরণ

ব্যাংকের প্রধান কার্যালয়ের বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ এবং মাঠ পর্যায়ে বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও জোনাল নিরীক্ষা কার্যালয়-কে আর্থিক নিয়ন্ত্রণকারী কার্যালয় হিসাবে ক্ষমতা অর্পণ করায় প্রাক-নিরীক্ষা পদ্ধতি রহিত করা হলো। (তবে ১০,০০,০০০/- টাকার উর্ধ্বের ঋণ প্রাক-নিরীক্ষা (প্রি-অডিট) করা সংক্রান্ত বর্তমানে প্রচলিত বিধান পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।)

০৯। সংশোধন সংক্রান্ত পরিপত্র জারি

অত্র ক্ষমতা অর্পণনামায় কোন সংশোধন পরিবর্তন, সংযোজন প্রয়োজন হলে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক এতদসম্পর্কিত পরিপত্র জারি করে পর্ষদ সচিবালয়কে অবহিত করবে। পর্ষদ সচিবালয় মূল সংকলিত আদেশে তা সন্নিবেশ করবে।



আর্থিক ক্ষমতা

সংযোজনী-২

| ক্র: নং | খাত   | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা  |
|---------|---|---|
| ১।      | দালান কোঠা/ভবন ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যয়:  |   |
|         | (ক) ক্রয় এবং নির্মাণ ব্যয়   | (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রতিক্ষেত্রে ১৫,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(২) সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক (প্রধান কার্যালয়)-প্রতিক্ষেত্রে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৩) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ-প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত  |
|         | (খ) চলতি/ চূড়ান্ত বিল প্রদান   | (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রতিক্ষেত্রে ১৫,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(২) সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক (প্রধান কার্যালয়)-প্রতিক্ষেত্রে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৩) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ-প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত অনুমোদিত কাজের বিল<br>(৪) সহকারী মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ- প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত অনুমোদিত কাজের বিল  |
|         | (গ) আর্নেস্টম্যানি/ নিরাপত্তা জামানত ফেরত প্রদান  | (১) সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক-পূর্ণ ক্ষমতা<br>(২) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ/সাধারণ সেবা বিভাগ-প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৩) সহকারী মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ/সাধারণ সেবা বিভাগ-প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত<br>এছাড়াও সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক প্রধান কার্যালয়-কে নিম্নোক্ত দায়িত্ব অর্পণ করা হলো:<br>(১) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যে কোন অংকের সকল কাজের দরপত্র আহবান;<br>(২) প্রয়োজনীয় নিয়মাচার অনুসরণপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যে কোন অংকের সকল কাজের কার্যাদেশ প্রদান; এবং<br>(৩) ব্যাংকের নিজস্ব দালানাদি রক্ষণাবেক্ষণ, মেরামত এবং নবরূপায়ণের সকল অনুমোদিত কাজ নির্দিষ্টকরণ (specification)।  |
| ২।      | অফিস/কার্যালয়, গোড়াউন ও গ্যারেজ ভাড়া (লিজ) গ্রহণ:  |   |
|         | ঢাকা কর্পোরেট শাখা, গেস্ট হাউস/গোড়াউন এবং শাখাসহ সকল মাঠ কার্যালয়   | (১) ব্যাংকের পরিচালনা পর্ষদ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ভাড়া অনুমোদনের পর সংশ্লিষ্ট কার্যালয় প্রধান ভাড়া চুক্তি সম্পাদন/নবায়ন ও ভাড়া প্রদান করবেন।<br>(২) ব্যাংকের পরিচালনা পর্ষদ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ভবন ভাড়া অগ্রিম অনুমোদনের পর সংশ্লিষ্ট কার্যালয় প্রধান অগ্রিম প্রদান করবেন।  |
| ৩।      | আসবাবপত্র, বৈদ্যুতিক স্থাপনাদি, অফিস যন্ত্রপাতি ও অফিস উপকরণ ইত্যাদি ব্যয় (শুধুমাত্র অফিস এর ব্যবহারের জন্য) | (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক-প্রতিক্ষেত্রে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(২) সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক (প্রধান কার্যালয়)-প্রতিক্ষেত্রে ৮,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৩) মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)- প্রতিক্ষেত্রে ৪,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৪) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৫) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ- প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৬) সহকারী মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ-প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত<br>(৭) সহকারী মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স- প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত<br>(৮) জোনাল ব্যবস্থাপক-প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৯) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা-প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(১০) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট-প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(১১) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়-প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(১২) জোনাল নিরীক্ষা কর্মকর্তা-প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত |

| ক্র: নং | খাত  | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা  |
|---------|--|---|
| ৪।      | মোটর গাড়ি ও অন্যান্য যানবাহন ক্রয়ের/ভাড়ার বিল প্রদান:   |   |
|         | (ক) অফিসের ব্যবহারের জন্য  | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক-প্রতিক্ষেত্রে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) মহাব্যবস্থাপক (প্রশাসন)-প্রতিক্ষেত্রে ৩,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)- প্রতিক্ষেত্রে ১,৫০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ-প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৫) জোনাল ব্যবস্থাপক প্রতিক্ষেত্রে-২০,০০০/- টাকা পর্যন্ত টাকা পর্যন্ত (কেবলমাত্র বাইসাইকেলের জন্য)</p> <p>(৬) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(মন্ত্রণালয়ের ক্রয় ও বাজেট অনুমোদন সাপেক্ষে)</p> |
|         | (খ) কর্মকর্তা/ কর্মচারীদের বাসা হতে অফিসে আনা নেয়া এবং অন্য কোন সাময়িক প্রয়োজনে যানবাহন ভাড়াকরণ ও বিল প্রদান   | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক-প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) মহাব্যবস্থাপক (প্রশাসন)-প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)-প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ-প্রতিক্ষেত্রে ৪০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৫) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট-প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p>  |
| ৫।      | পুরাতন/অকেজো দ্রব্য সামগ্রী বিক্রয়, মূল্য অবলোপন ও বিনষ্টকরণ:   |   |
|         | (ক) পুরাতন/ অকেজো/ ব্যবহারঅযোগ্য আসবাবপত্র, বৈদ্যুতিক স্থাপনাদি, অফিস উপকরণ ও অন্যান্য উপকরণ ও অন্যান্য দ্রব্যসামগ্রী অবলোপন/ বিক্রয়ের তারিখে বুক ভ্যালুর নীচে নহে এমন মূল্যে অবলোপন, বিক্রয় ও বিনষ্টকরণ অনুমোদনকারী কর্মকর্তা | <p>পুরাতন/অকেজো/ব্যবহারঅযোগ্য আসবাবপত্র, বৈদ্যুতিক স্থাপনাদি, অফিস উপকরণ ও অন্যান্য দ্রব্য সামগ্রী অবলোপন/বিক্রয়ের তারিখের বুক ভ্যালুর সমান বা তদূর্ধ্ব মূল্যে উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ (প্রধান কার্যালয়ের জন্য) এবং সংশ্লিষ্ট শাখা/কার্যালয়ের প্রধানগণ ব্যাংক নির্ধারিত পদ্ধতি অনুসরণে (সাধারণ সেবা বিভাগের সার্কুলার নম্বর ০১/২০১৯ তারিখ: ১৪.০১.২০১৯) বিক্রয়/অবলোপন/বিনষ্ট করতে পারবেন।</p>  |
|         | (খ) পুরাতন/ অকেজো মোটরযান/ মোটরসাইকেল  | <p>বিক্রয়ের তারিখে বুক ভ্যালুর নীচে নহে এমন মূল্যে পুরাতন/অকেজো মোটরযান এবং মোটরসাইকেল উপ-ব্যবস্থাপনা পরিচালক/সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকের অনুমোদনক্রমে বিক্রয় করা যাবে।</p>   |
|         | (গ) পুরাতন/ অকেজো কম্পিউটার বিক্রয়/মূল্য অবলোপন   | <p>বিক্রয়ের তারিখের বুক ভ্যালুর নীচে নহে এমন মূল্যে পুরাতন/অকেজো কম্পিউটার ও তদসংশ্লিষ্ট অন্যান্য সরঞ্জামাদি উপ-ব্যবস্থাপনা পরিচালক/প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকের অনুমোদনক্রমে অবলোপন/বিক্রয় করা যাবে।</p>   |

4

111

| ক্র: নং | খাত   | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা  |
|---------|---|---|
| ৬।      | ক্রসিয়ার, বুকলেট, ফরম ও রেজিস্টার ইত্যাদি মুদ্রণ, অনুমোদন ও বিল প্রদান | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক - প্রতিক্ষেত্রে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) মহাব্যবস্থাপক (প্রশাসন) - প্রতিক্ষেত্রে ৮,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) (ক) মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়) - প্রতিক্ষেত্রে ৪,০০,০০০ টাকা পর্যন্ত (প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদিত আইটেম)</p> <p>(খ) মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়) নগদ ক্রয়ের (স্পট কোটেশনের) ভিত্তিতে - প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) (ক) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(খ) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ-নগদ ক্রয়ের (স্পট কোটেশনের) ভিত্তিতে - প্রতিক্ষেত্রে ২৫,০০০/-টাকা পর্যন্ত</p> <p>(৫) সহকারী মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৬) (ক) জোনাল ব্যবস্থাপক- প্রতিক্ষেত্রে ১,০০,০০০/-টাকা পর্যন্ত (প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদিত আইটেম)</p> <p>(খ) জোনাল ব্যবস্থাপক নগদ ক্রয়ের (স্পট কোটেশনের) ভিত্তিতে - প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>মুদ্রণের জন্য যদি চুক্তি অনুযায়ী মুদ্রণালয়ে কাগজ সরবরাহ করতে হয় তাহলে উপরিলিখিত মুদ্রণ খরচের মধ্যে কাগজ ক্রয়ের মূল্য (bulk purchase) অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে। যে সকল আইটেম প্রধান কার্যালয় কর্তৃক সরবরাহের ব্যবস্থা রয়েছে সে সকল আইটেম ব্যতিত অন্যান্য আইটেমের ক্ষেত্রে মাঠ কার্যালয়সমূহ উপরিলিখিত আর্থিক ক্ষমতা প্রয়োগ করবেন।</p> |
| ৭।      | মনিহারি দ্রবদি (স্টেশনারি) ও কম্পিউটার স্টেশনারি ক্রয়:                 |   |
|         | (ক) কাগজ, টেবিল স্টেশনারি ক্রয় ও বিল অনুমোদন                           | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক - প্রতিক্ষেত্রে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) মহাব্যবস্থাপক(প্রশাসন) - প্রতিক্ষেত্রে ৩,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ - প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৫) সহকারী মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ - প্রতিক্ষেত্রে ৪০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৬) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/ স্থানীয় মুখ্য কার্যালয় - প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৭) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা - প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৮) জোনাল ব্যবস্থাপক - প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৯) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট - প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১০) জোনাল নিরীক্ষা কর্মকর্তা- প্রতিক্ষেত্রে ১,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১১) শাখা ব্যবস্থাপক - প্রতিক্ষেত্রে ১,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১২) প্রধান কার্যালয়ের সকল উপমহাব্যবস্থাপক (সাধারণ সেবা বিভাগ ব্যতিত)/সচিব /ইউনিট প্রধান/এমডি'স ভিজিলেন্স সেল - প্রতিক্ষেত্রে ১,০০০/- টাকা পর্যন্ত</p>   |

4

44

| ক্র: নং | খাত  | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা  |
|---------|--|---|
|         | (খ) কম্পিউটার স্টেশনারি (রিবন, টোনার, ফ্লপি, সিডি, ডিভিডি পেন ড্রাইভ, মাউস, কী-বোর্ড, এক্সটেনশন কর্ড, পাওয়ার স্ট্রিপ, ইউপিএস এর ব্যাটারি ইত্যাদি) এবং কম্পিউটার প্রিন্টিং কাজে ব্যবহৃত কাগজ | (১) মহাব্যবস্থাপক(প্রশাসন)-প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত<br>(২) মহাব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়- প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত<br>(৩) উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-প্রতিক্ষেত্রে ২০,০০০/- টাকা পর্যন্ত<br>(৪) সহকারী মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত<br>(৫) ব্যাংক-এর কম্পিউটারাইজড শাখা/কার্যালয়ের (স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা, প্রশিক্ষণ ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয় ও শাখা কার্যালয়) লেজার প্রিন্টার ব্যবহারকারী শাখা/কার্যালয়ের প্রধানগণ - প্রতিক্ষেত্রে ৭,০০০/-টাকা পর্যন্ত এবং লেজার প্রিন্টারবিহীন শাখা/কার্যালয়ের প্রধানগণ- প্রতিক্ষেত্রে ১,০০০/-টাকা পর্যন্ত।  |
| ৮।      | কম্পিউটার ও আনুষঙ্গিক সরঞ্জামাদি ক্রয়:  |   |
|         | (ক) কম্পিউটার বিষয়ক ক্রয় (হার্ডওয়্যার ও সফটওয়্যার)   | (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- হার্ডওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ১০,০০,০০০/- টাকা এবং সফটওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(২) মহাব্যবস্থাপক(প্রশাসন)- হার্ডওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ৫,০০,০০০/- টাকা এবং সফটওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ৩,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৩) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়- হার্ডওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা<br>(৪) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-হার্ডওয়্যার/সফটওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ১,০০,০০০/-টাকা<br>(৫) সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-হার্ডওয়্যার/সফটওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা<br>(৬) জোনাল ব্যবস্থাপক- হার্ডওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা<br>(৭) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়-হার্ডওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা<br>(৮) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট-হার্ডওয়্যার-এর জন্য প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা |
|         | (খ) ডাটা সেন্টারের সরঞ্জামাদি, LAN স্থাপনা, নেটওয়ার্ক/ফাইবার কেবল/ কম্পিউটার বিষয়ক ক্রয় (বৈদ্যুতিক সরঞ্জাম/ স্থাপনাসহ)  | (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(২) মহাব্যবস্থাপক(প্রশাসন)- প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৩) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়- প্রতিক্ষেত্রে ৭০,০০০/- টাকা পর্যন্ত<br>(৪) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ- প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত<br>(৫) সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত<br>(৬) জোনাল ব্যবস্থাপক, প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত<br>(৭) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত<br>(৮) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত<br>(৯) শাখা ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক)- প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত   |

4

111

| ক্রঃ<br>নং | খাত  | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা   |
|------------|--|--|
|            | (গ) সফটওয়্যার<br>মেইনটেন্যান্স ব্যয়<br>(Software<br>Maintenance<br>Charges)    | <p>উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সফটওয়্যারের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী ব্যাংকের শাখা/কার্যালয়/বিভাগে ব্যবহৃত সফটওয়্যারের মেইনটেন্যান্স ব্যয় ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ নিম্নোক্তভাবে মঞ্জুর করবেন:</p> <p>(১) মহাব্যবস্থাপক (প্রশাসন)- প্রকৃত ব্যয়</p> <p>(২) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়- স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়</p> <p>(৩) উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ- প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৫) মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়-স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়</p> <p>(৬) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট- কার্যালয়ের প্রকৃত ব্যয়</p> <p>(৭) জোনাল ব্যবস্থাপক- স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়</p> <p>(৮) বিভাগীয়/জোনাল নিরীক্ষা কার্যালয়- স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়</p> <p>(৯) শাখা ব্যবস্থাপক- স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়</p> |
|            | (ঘ) কম্পিউটারাইজড<br>শাখায় ব্যাংকিং<br>কাজের জন্য<br>জেনারেটর ক্রয়             | <p>কম্পিউটারাইজড ব্যাংকিং কার্যক্রম নিরবচ্ছিন্ন ও সুষ্ঠুভাবে পরিচালনা র জন্য বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা হিসেবে নিজস্ব ব্যবস্থাপনায় প্রতিটি শাখার জন্য Public Procurement Rules (PPR), 2008 এর বিধান যথাযথ অনুসরণপূর্বক সর্বোচ্চ ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা ব্যয়ে Request For Quotation (RFQ) পদ্ধতিতে উন্নত মানের ন্যূনতম ৪.৫ KVA ক্ষমতা সম্পন্ন জেনারেটর সংগ্রহ ও ইনস্টলেশনের খরচ সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক প্রদান করতে পারবেন।</p> <p>জেনারেটর ক্রয় ও ব্যবস্থাপনার ক্ষেত্রে আইসিটি বিভাগের ০৩.০৭.২০১৮ তারিখের সার্কুলার নম্বর- ১/২০১৮ এর নির্দেশনা পরিপালন করতে হবে।</p>   |
|            | (ঙ) কম্পিউটারাইজড<br>শাখায় ব্যাংকিং<br>কাজের জন্য<br>জেনারেটরের<br>জ্বালানী খরচ | <p>(১) ব্যাংকের নিজস্ব জেনারেটরটি পরিচালনার জন্য শাখাপ্রতি জ্বালানী খরচ বাবদ মাসিক সর্বোচ্চ ৩,০০০.০০ (তিন হাজার) টাকা খরচ করতে পারবে।</p> <p>উপরিউক্ত জ্বালানী খরচ বিবিধ খাতে শাখা ব্যবস্থাপকগণকে প্রদত্ত বিবিধ খাতের মাসিক সর্বোচ্চ সিলিং এর অতিরিক্ত হিসেবে গণ্য হবে।</p>  |
|            | (চ) আর্নেস্টম্যানি/<br>নিরাপত্তা জামানত<br>ফেরত প্রদান                           | <p>(১) মহাব্যবস্থাপক (প্রশাসন)-পূর্ণ ক্ষমতা</p> <p>(২) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>এছাড়াও উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-কে নিম্নোক্ত দায়িত্ব অর্পণ করা হলো:</p> <p>(১) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যে কোন অংকের সকল কাজের দরপত্র আহবান</p> <p>(২) প্রয়োজনীয় নিয়মাচার অনুসরণপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যে কোন অংকের সকল কাজের কার্যাদেশ প্রদান</p>  |
| ৯।         | সিকিউরিটি প্রিন্টিং<br>(চেক, ড্রাফট, ফরম<br>ইত্যাদি)                             | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রতিক্ষেত্রে ৮,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) মহাব্যবস্থাপক(প্রশাসন)- প্রতিক্ষেত্রে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>সরকারি নির্দেশনা অনুসরণে এ খাতের ব্যয় নির্বাহ করতে হবে।</p>  |
| ১০।        | বেতন, ভাতাদি ও আয়কর :   |  |
|            | (ক) বেতন ও<br>ভাতাদি   | উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় ও অন্যান্য কার্যালয়ের প্রধানগণ সংশ্লিষ্ট কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে নির্ধারিত বেতনক্রম অনুযায়ী প্রকৃত বেতন ও ভাতাদি প্রদান করতে পারবেন।  |
|            | (খ) আয়কর প্রদান   | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকের অনুমোদনক্রমে উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ আয়কর আইনের সংশ্লিষ্ট বিধান ও হার অনুযায়ী ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের আয়কর কর্তন ও সরকারি কোষাগারে জমা করবেন।   |



| ক্র: নং | খাত   | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা  |
|---------|---|---|
|         | (গ) মাসিক সম্মানী   | ব্যাংকের চেয়ারম্যান, আয়কর উপদেষ্টা, আইন উপদেষ্টা, খন্ডকালীন চিকিৎসক, প্রধান কার্যালয়ের মসজিদের ইমাম ইত্যাদি ব্যক্তিবর্গের অনুমোদিত মাসিক সম্মানী/ফি/ভাতা/রিটেইনার ফি ইত্যাদি (যে নামে অভিহিত হউক না কেন) উপ-মহাব্যবস্থাপক কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ প্রদান করতে পারবেন।   |
| ১১।     | অধিকাল ভাতা :   |   |
|         | (ক) প্রধান কার্যালয়  | <p>(১) প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/সচিব/ইউনিট প্রধান/এমডি'স ডিজিটেল সেল প্রধান/অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রয়োজনে কর্মচারীদেরকে অতিরিক্ত সময়ে কাজ করার অনুমোদন এবং বিল প্রদান করতে পারবেন। প্রধান কার্যালয়ের কোন দপ্তরের উপ-মহাব্যবস্থাপকের অনুপস্থিতিতে সহকারী মহাব্যবস্থাপক উক্ত ভাতা প্রদান করতে পারবেন।</p> <p>(২) ব্যবস্থাপনা পরিচালকের স্টাফ অফিসার-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়ে কর্মরত কর্মচারীদের অতিরিক্ত সময়ে কাজ করার অনুমোদন এবং বিল প্রদান করতে পারবেন।</p> <p>(৩) উপ-ব্যবস্থাপনা পরিচালকের স্টাফ অফিসার-উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়ে কর্মরত কর্মচারীদের অতিরিক্ত সময়ে কাজ করার অনুমোদন এবং বিল প্রদান করতে পারবেন।</p> <p>(৪) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয়-সংশ্লিষ্ট কার্যালয়ে কর্মরত কর্মচারীদের অতিরিক্ত সময়ে কাজ করার অনুমোদন এবং বিল প্রদান করতে পারবেন।</p>     |
|         | (খ) মাঠ কার্যালয়   | <p>(১) উপ-মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)-বিভাগীয় কার্যালয়ে কর্মরত কর্মচারীদের অতিরিক্ত সময়ে কাজ করার অনুমোদন এবং বিল প্রদান করতে পারবেন।</p> <p>(২) জোনাল ব্যবস্থাপক-জোনাল কার্যালয় ও আওতাধীন শাখা কার্যালয়ের জন্য প্রয়োজনে কর্মচারীদের অতিরিক্ত সময়ে কাজ করার অনুমোদন এবং বিল প্রদান করতে পারবেন।</p> <p>(৩) বিভাগীয়/জোনাল নিরীক্ষা কর্মকর্তা-প্রয়োজনে নিজ কার্যালয়ের কর্মচারীদের অতিরিক্ত সময়ে কাজ করার অনুমোদন এবং বিল প্রদান করতে পারবেন।</p>  |
|         | (গ) লেটসিটিং (অফিস সময়ের পরে বা ছুটির দিনে অফিসের কাজের জন্য কর্মকর্তাদের আপ্যায়ন ও যাতায়াত বাবদ খরচ পুনর্ভরণ) | <p>(১) কর্মী ব্যবস্থাপনা বিভাগের সার্কুলার নং- প্রকা/কব্যবি-০৭/২০০২, তারিখ: ০৯.০৪.২০০২ এবং কব্যবি-০৭(১)/২০০২-০৩/২৫২৪, তারিখ: ০৩.০৯.২০০২ মোতাবেক লেটসিটিং বিল অনুমোদন করা যাবে।</p> <p>(২) উপ-ব্যবস্থাপনা পরিচালক/সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/সচিব/উপমহাব্যবস্থাপক-তার কার্যালয়ের লেটসিটিং বিল (আপ্যায়ন ব্যয় ব্যবসা উন্নয়ন+যাতায়াত) অনুমোদন করবেন।</p> <p>(৩) সচিব পরিচালনা পর্ষদ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট ও জনসংযোগ সেল-এর কর্মকর্তাগণের লেটসিটিং বিল অনুমোদন করবেন।</p>  |
| ১২।     | খাজনা, অভিকর ও কর   | <p>উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সংশ্লিষ্ট ইজারা চুক্তির শর্তানুযায়ী ব্যাংকের ভোগ দখলীয় বাড়ী/দালানাদির (premises) এবং ব্যাংকের নিজস্ব সম্পত্তির খাজনা, অভিকর ও কর নিম্নবর্ণিত কর্মকর্তাগণ মঞ্জুর করবেন:</p> <p>(১) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ/বিভাগীয় কার্যালয়- নির্ধারিত হারে প্রকৃত ব্যয়</p> <p>(২) সহকারী মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ-প্রতিক্ষেত্রে ২৫,০০০/-টাকা পর্যন্ত</p> <p>(৩) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়- স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়</p> <p>(৪) অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট- প্রকৃত ব্যয়।</p> <p>(৫) জোনাল ব্যবস্থাপক- স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়।</p> <p>(৬) বিভাগীয়/জোনাল নিরীক্ষা কার্যালয়- স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়।</p> <p>(৭) শাখা ব্যবস্থাপক- স্ব স্ব কার্যালয়ের প্রকৃত ব্যয়।</p> |

| ক্র: নং | খাত  | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা   |
|---------|--|--|
| ১৩।     | ইস্যুরেন্স প্রিমিয়াম  | ইস্যুরেন্স প্রিমিয়াম বাবদ প্রকৃত ব্যয় নিম্নোক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ মঞ্জুর করবেন:<br>(১) উপ-মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ/সাধারণ সেবা বিভাগ/ আইসিটি বিভাগ/বিভাগীয় কার্যালয়-স্ব স্ব কার্যালয়ের সম্পত্তি ও ভবনাদির বীমা প্রিমিয়াম প্রদান করতে পারবেন।<br>(২) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়-স্ব স্ব কার্যালয়ের সম্পত্তির ও ভবনাদির বীমা প্রিমিয়াম প্রদান করতে পারবেন।<br>(৩) উপ-মহাব্যবস্থাপক- কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, আমানত বীমা প্রিমিয়াম প্রদান করতে পারবেন।<br>(৪) বিভাগীয় মহাব্যবস্থাপক-স্ব স্ব কার্যালয়ের সম্পত্তির ও ভবনাদির বীমা প্রিমিয়াম প্রদান করতে পারবেন।<br>(৫) জোনাল ব্যবস্থাপক-স্ব স্ব কার্যালয়ের সম্পত্তির ও ভবনাদির বীমা প্রিমিয়াম প্রদান করতে পারবেন।<br>(৬) বিভাগীয়/জোনাল নিরীক্ষা কর্মকর্তা-স্ব স্ব কার্যালয়ের সম্পত্তির ও ভবনাদির বীমা প্রিমিয়াম প্রদান করতে পারবেন।<br>(৭) শাখা ব্যবস্থাপক-স্ব স্ব কার্যালয়ের সম্পত্তির ও ভবনাদির বীমা প্রিমিয়াম প্রদান করতে পারবেন। |
| ১৪।     | বিদ্যুৎ, গ্যাস ও পানি বিল প্রদান   | (১) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ - প্রধান কার্যালয়ের প্রকৃত ব্যয়<br>(২) উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় - বিভাগীয় কার্যালয়ের প্রকৃত ব্যয়<br>(৩) সহকারী মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ১৫,০০০/- টাকা পর্যন্ত<br>(৪) অন্যান্য কার্যালয়ের প্রধানগণ-স্ব স্ব কার্যালয় এর প্রকৃত ব্যয়।  |
| ১৫।     | (ক) ব্যাংকের প্রহরা বাবদ ব্যয় / আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের ব্যয়                        | (১) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রধান কার্যালয়ে কর্মরত আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের (প্রশিক্ষণ ইনস্টিটিউটসহ) প্রকৃত বিল প্রদান করবেন।<br>(২) উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়-বিভাগীয় কার্যালয়ে কর্মরত আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের প্রকৃত বিল প্রদান করবেন।<br>(৩) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা- নিজ কার্যালয়ে কর্মরত আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের প্রকৃত বিল প্রদান করবেন।<br>(৪) জোনাল ব্যবস্থাপক- স্ব স্ব জোনে কর্মরত আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের প্রকৃত বিল প্রদান করবেন।<br>(৫) ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ঢাকা কর্পোরেট শাখা- নিজ নিজ শাখায় কর্মরত আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের প্রকৃত বিল প্রদান করবেন।   |
|         | (খ) দৈনিক মজুরির ভিত্তিতে নিয়োজিত(ঝাড়ুদার, মালি, ইলেকট্রিশিয়ান, ড্রাইভার)কর্মচারীদের মজুরী প্রদান | (১) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ/ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এন্ড মেইনটেন্যান্স বিভাগ, প্রধান কার্যালয়সহ প্রধান কার্যালয় ভবনে নিয়োজিত কর্মচারীদের মজুরী প্রদান (স্থানীয় মুখ্য কার্যালয় ব্যতিত) করবেন।<br>(২) অন্যান্য কার্যালয়ের ক্ষেত্রে কার্যালয় প্রধান মজুরী প্রদান করবেন।  |
| ১৬।     | সম্পত্তির অবচয়  | উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১/বিভাগীয় কার্যালয় ও শাখা ব্যবস্থাপকগণ (ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয়সহ) এবং অন্যান্য কার্যালয়ের প্রধানগণ তাদের কার্যালয়ের সম্পত্তির অবচয় নির্ধারিত/অনুমোদিত হারে কার্যকর করবেন।   |

4

11/11

| ক্র: নং | খাত  | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা   |
|---------|--|--|
| ১৭।     | (ক) ব্যাংকের<br>ভূ-সম্পত্তি/ ভবনাদি<br>মেরামত, নবরূপায়ন<br>ও পরিবর্তন এবং<br>ইজারাকৃত দালান<br>মেরামত ও<br>রক্ষণাবেক্ষণ ব্যয়<br>অনুমোদন                                  | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রতিক্ষেত্রে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক(প্রধান কার্যালয়)-প্রতিক্ষেত্রে ৩,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়- প্রতিক্ষেত্রে ৭৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) উপমহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ/- প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৫) সহকারী মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ/- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৬) জোনাল ব্যবস্থাপক- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৭) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/ ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৮) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৯) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট- প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১০) জোনাল নিরীক্ষা কর্মকর্তা- প্রতিক্ষেত্রে ২,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১১) শাখা ব্যবস্থাপক- প্রতিক্ষেত্রে ২,০০০/- টাকা পর্যন্ত</p> <p>তবে ব্যাংক কর্তৃক ভাড়ায় গৃহীত দালানাদি মেরামতের ক্ষেত্রে ব্যাংক ও ইজারা দাতার মধ্যে সম্পাদিত ইজারা চুক্তির শর্ত অনুযায়ী মেরামত ব্যয় নির্বাহ করতে হবে।</p> |
|         | (খ) কার্যালয়ের<br>আসবাবপত্র/<br>বৈদ্যুতিক স্থাপনাদি,<br>অফিস যন্ত্রপাতি ও<br>সরঞ্জামাদি,<br>জেনারেটর,<br>ফটোকপিয়ার<br>ইত্যাদি মেরামত,<br>সংস্কার ও<br>রক্ষণাবেক্ষণ ব্যয় | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) মহাব্যবস্থাপক(প্রশাসন)-প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়- প্রতিক্ষেত্রে ৭৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৫) সহকারী মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ, প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৬) জোনাল ব্যবস্থাপক - প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৭) উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়- প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৮) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা- প্রতিমাসে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৯) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট- প্রতিমাসে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১০) জোনাল নিরীক্ষা কর্মকর্তা- প্রতিমাসে ২,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১১) শাখা ব্যবস্থাপক- প্রতিমাসে ১,০০০/- টাকা পর্যন্ত</p>  |
|         | (গ) কম্পিউটার<br>মেরামত ও<br>রক্ষণাবেক্ষণ  | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) মহাব্যবস্থাপক(প্রশাসন)- প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়- প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৫) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা- প্রতিক্ষেত্রে- ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৬) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিক্ষেত্রে- ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৭) সহকারী মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৮) জোনাল ব্যবস্থাপক-প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৯) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়-প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১০) জোনাল নিরীক্ষা কর্মকর্তা- প্রতিমাসে ১,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১১) শাখা ব্যবস্থাপক, প্রতিমাসে ১,০০০/- টাকা পর্যন্ত</p>   |

| ক্র: নং | খাত  | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা   |
|---------|--|--|
| ১৮।     | মোটর গাড়ী ও অন্যান্য যানবাহন সংক্রান্ত ব্যয়:                         |  |
|         | (ক) মেরামত ও আনুষঙ্গিক ব্যয়   | (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রতিক্ষেত্রে ২,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(২) মহাব্যবস্থাপক(প্রশাসন)- প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত<br>(৩) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়- প্রতিক্ষেত্রে ৭৫,০০০/- টাকা পর্যন্ত<br>(৪) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত<br>(৫) সহকারী মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত<br>(৬) জোনাল ব্যবস্থাপক- প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত<br>(৭) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা/ স্থানীয় মুখ্য কার্যালয়- প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত<br>(৮) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা- প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত<br>(৯) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট- প্রতিক্ষেত্রে ২৫,০০০/- টাকা পর্যন্ত |
|         | (খ) জ্বালানি/ তেলের বিল  | উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ/বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/জোনাল ব্যবস্থাপক/ অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট/ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয়সহ অন্যান্য শাখা ব্যবস্থাপক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত প্রাপ্যতার হার অনুযায়ী জ্বালানী/তেলের বিলের মঞ্জুরি প্রদান করতে পারবেন।  |
|         | (গ) যানবাহনের সার্বিক বীমা পলিসির প্রিমিয়াম, ট্যাক্স টোকেন ও অন্যান্য | উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ প্রধান কার্যালয়ের যানবাহন এবং অন্যান্য কার্যালয়ের প্রধানগণ তাদের স্ব স্ব কার্যালয়ের যানবাহনের সার্বিক বীমা পলিসির প্রিমিয়াম ট্যাক্স টোকেন ও অন্যান্য মঞ্জুরি প্রদান করতে পারবেন।   |
| ১৯।     | আইন খরচ (law charge/ Legal expenses)                                   | (১) সচিবের দপ্তরের পরিপত্র নং-২/৯৩ তারিখ ১৩.১১.৯৩; এবং<br>(২) ঋণ আদায় বিভাগ-২ এর সার্কুলার লেটার নং-০৪/২০০১ তারিখ ১২.০৩.২০০১ মোতাবেক আইন খরচ অনুমোদন করা যাবে।<br>(৩) চুক্তি ভিত্তিক আইনজীবীদের ফি প্রদানের ক্ষেত্রে জোনাল ব্যবস্থাপক ২০,০০০/- টাকা পর্যন্ত বিল অনুমোদন করতে পারবেন। (আইন বিভাগের পরিপত্র নম্বর ০১/২০০৮/২৮৫(২০), তারিখ ১৭.০২.২০০৮ মোতাবেক)<br>(৪) চুক্তি ভিত্তিক নিয়োজিত আইনজীবীর বিল ২০,০০০/- টাকার উর্ধ্বে হলে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক অনুমোদন করবেন।   |
| ২০।     | ডাক ও তারবার্তা খরচ  | (১) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ/বিভাগীয় কার্যালয়- প্রকৃত খরচ<br>(২) সহকারী মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ১০,০০০/-টাকা পর্যন্ত<br>(৩) উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, সাধারণ সেবা বিভাগ- প্রতিক্ষেত্রে ৫,০০০/- টাকা পর্যন্ত<br>(৪) জোনাল ব্যবস্থাপক/ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয়/ শাখা ব্যবস্থাপক/স্ব স্ব কার্যালয় এর প্রধানগণ - প্রকৃত খরচ<br>(৫) বিভাগীয়/জোনাল নিরীক্ষা কর্মকর্তা- প্রকৃত খরচ  |
| ২১।     | মুদ্রিত মনিহারি দ্রব্যাদির হিসাবায়ন                                   | (১) কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর মুখ্য কর্মকর্তা-এর নীচে নয় এমন কর্মকর্তা ব্যবহৃত মনিহারী দ্রব্যাদির মূল্য বিষয়ক ট্রান্সফার ভাউচার অনুমোদন করবেন<br>(২) উপ-মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)/জোনাল ব্যবস্থাপক/বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/ জোনাল নিরীক্ষা কর্মকর্তা-প্রকৃত খরচ<br>(৩) শাখা ব্যবস্থাপক-প্রকৃত খরচ   |







| ক্র: নং | খাত   | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা  |
|---------|---|---|
| ২২।     | (ক) পরিচালকদের ফিস এবং ভ্রমণ খরচ<br>(খ) পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটি/ পরিচালনা পর্ষদের অডিট কমিটি/ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভার আপ্যায়ন খরচ | (ক) সচিব, পর্ষদ সচিবালয়-উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী পরিচালকদের ফিস ও ভ্রমণ বিল অনুমোদন করবেন।<br>(খ) সচিব, পর্ষদ সচিবালয় - প্রতিক্ষেত্রে প্রকৃত খরচ   |
| ২৩।     | নিরীক্ষকের ফি   | উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ সরকার কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী অনুমোদিত নিরীক্ষকের ফি মঞ্জুর করতে পারবেন।   |
| ২৪।     | পত্র পত্রিকার প্রাপ্যতা ও বই ক্রয় :  |   |
|         | (ক) দৈনিক পত্রিকা এবং জার্নাল প্রাপ্যতা   | (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক-৪টি দৈনিক পত্রিকা ও ৩টি জার্নাল (১টি দেশীয় ও ২টি বিদেশী)<br>(২) সকল মহাব্যবস্থাপক-৩টি দৈনিক পত্রিকা ও ২টি জার্নাল (১টি দেশীয় ও ১টি বিদেশী)<br>(৩) প্রধান কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট-২টি দৈনিক পত্রিকা ও ১টি দেশীয় জার্নাল<br>(৪) উপ-মহাব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়-২টি দৈনিক পত্রিকা ও ১টি দেশীয় জার্নাল<br>(৫) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা- ২টি দৈনিক পত্রিকা ও ১টি দেশীয় জার্নাল<br>(৬) জোনাল ব্যবস্থাপক-২টি দৈনিক পত্রিকা এবং ১টি দেশীয় জার্নাল<br>(৭) ব্যবস্থাপক ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয়-২টি দৈনিক পত্রিকা ও ১টি জার্নাল<br>(৮) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট-লাইব্রেরীর জন্য ৬টি দৈনিক পত্রিকা এবং ৬টি ফিন্যান্সিয়াল জার্নাল<br>(৯) সকল সহকারী মহাব্যবস্থাপক/জোনাল নিরীক্ষা কর্মকর্তা/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/ শাখা ব্যবস্থাপক- ১টি দৈনিক পত্রিকা<br>(১০) জনসংযোগ কর্মকর্তা-ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদন সাপেক্ষে জনসংযোগ সেল এর জন্য প্রয়োজন অনুযায়ী |
|         | (খ) পত্র পত্রিকার খরচের বিল অনুমোদনকারী   | (১) ব্যবস্থাপনা পরিচালক-এর স্টাফ অফিসার-ব্যবস্থাপনা পরিচালক-এর সংবাদ পত্র ও জার্নালের খরচ অনুমোদন করবেন<br>(২) উপব্যবস্থাপনা পরিচালক-এর স্টাফ অফিসার-উপব্যবস্থাপনা পরিচালক-এর সংবাদ পত্র ও জার্নালের খরচ অনুমোদন করবেন<br>(৩) মহাব্যবস্থাপকগণ-প্রাপ্যতা অনুযায়ী সংবাদ পত্র ও সাময়িকীর খরচ অনুমোদন করবেন<br>(৪) জনসংযোগ কর্মকর্তা- জনসংযোগ সেলের সংবাদপত্র ও সাময়িকীর খরচ অনুমোদন করবেন<br>(৫) প্রাপ্যতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্বয়ং পত্রিকা/সাময়িকীর খরচের বিল অনুমোদন করবেন<br>(৬) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট-তাঁর কার্যালয়ের প্রাপ্যতা অনুযায়ী সংবাদপত্র ও সাময়িকীর খরচ অনুমোদন করবেন   |





| ক্র: নং | খাত                              | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা   |
|---------|----------------------------------|--|
|         | (গ) বই পুস্তক ক্রয়              | <p>(১) উপ-ব্যবস্থাপনা পরিচালক- প্রধান কার্যালয় এর লাইব্রেরীর জন্য সংবাদপত্র সাময়িকী ও বই ক্রয়- প্রতি অর্থবছরে প্রতিক্ষেত্রে ১,০০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(২) মহাব্যবস্থাপক (প্রশাসন)- প্রধান কার্যালয় এর লাইব্রেরীর জন্য সংবাদপত্র সাময়িকী ও বই ক্রয়- প্রতি অর্থবছরে প্রতিক্ষেত্রে ৫০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)-সংবাদ পত্র সাময়িকী ও বই ক্রয়-প্রতি অর্থবছরে ৫,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৪) প্রধান কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/বিভাগীয় কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক- প্রতি অর্থবছরে বইপত্র ক্রয়ের জন্য ৩,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৫) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট-সংবাদপত্র সাময়িকী ও বই ক্রয়-প্রতিক্ষেত্রে ৩,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৬) জোনাল ব্যবস্থাপক-বই পুস্তক ক্রয়ের জন্য প্রতি অর্থবছরে ২,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৭) প্রধান কার্যালয়ের এমডি'স ডিজিটেল সেল প্রধান/ইউনিট প্রধান/জনসংযোগ কর্মকর্তা-বই পুস্তক ক্রয়ের জন্য প্রতি অর্থবছরে ২,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৮) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা-বই পুস্তক ক্রয়ের জন্য প্রতি অর্থবছরে ২,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৯) ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয়-বই পুস্তক ক্রয়ের জন্য প্রতি অর্থবছরে ২,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১০) জোনাল নিরীক্ষা কর্মকর্তা-বই পুস্তক ক্রয়ের জন্য প্রতি অর্থবছরে ১,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(১১) শাখা ব্যবস্থাপক-প্রতি অর্থবছরে বই পুস্তক ক্রয়ের জন্য ১,০০০/- টাকা পর্যন্ত</p> |
| ২৫।     | (ক)বিজ্ঞাপন প্রচার ও বিল অনুমোদন | <p>(১) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়-টেন্ডার বিজ্ঞপ্তি, পুরাতন আসবাবপত্র বিক্রয় ও অন্যান্য দ্রব্য-সামগ্রী বিক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার ও বিল অনুমোদন করতে পারবেন।</p> <p>(২) মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়- ৫০,০০০/- টাকা পর্যন্ত মূল্যমানের দ্রব্যসামগ্রীর বিজ্ঞাপন প্রচার ও বিল অনুমোদন করতে পারবেন।</p> <p>(৩) সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়-বিভাগ সংশ্লিষ্ট সকল বিজ্ঞপ্তি প্রচার ও উহার বিল অনুমোদন করতে পারবেন।</p> <p>(৪) জোনাল ব্যবস্থাপক/ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয় /অফিস উদ্বোধন/স্থানান্তর- বিজ্ঞপ্তি প্রচার ও বিল অনুমোদন করতে পারবেন।</p>  |
|         | (খ)শুভেচ্ছা বিজ্ঞাপন             | <p>(১) ব্যবস্থাপনা পরিচালক সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত বিজ্ঞাপন প্রচার ও বিল অনুমোদন করতে পারবেন।</p> <p>(২) সচিব/জনসংযোগ কর্মকর্তা-৫,০০০/-টাকা পর্যন্ত ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদিত প্রচার/পত্রিকার বিল প্রদান করতে পারবেন</p>  |

4

44

| ক্র: নং | খাত                                 | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা  |
|---------|-------------------------------------|---|
| ২৬।     | কর্মকর্তা/ কর্মচারীদের ভ্রমণ ব্যয়: |   |
|         | (ক) অভ্যন্তরীণ                      | <p>(১) মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ স্ব-আহরণী (self drawing) কর্মকর্তা হিসেবে নিজেদের ভ্রমণ ভাতা বিলসহ তাদের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাদের ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>(২) ব্যবস্থাপনা পরিচালক এর স্টাফ অফিসার-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>(৩) উপব্যবস্থাপনা পরিচালক এর স্টাফ অফিসার-উপব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>(৪) প্রধান কার্যালয়ের উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ এমডি'স ভিজিলেন্স সেল প্রধান/ইউনিট প্রধান-তাদের নিয়ন্ত্রণাধীন সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>(৫) অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট/ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/ঢাকা কর্পোরেট শাখা- তাঁদের নিয়ন্ত্রণাধীন সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>(৬) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল জোনাল নিরীক্ষা কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা (জোনাল নিরীক্ষা কর্মকর্তাসহ) এবং বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>(৭) জোনাল ব্যবস্থাপক তাঁর কার্যালয়ে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও অধীনস্থ শাখায় কর্মরত সুপারভাইজার ও তদূর্ধ্ব সকল পর্যায়ের অফিসারের ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>(৮) জোনাল নিরীক্ষা কর্মকর্তা তাঁর কার্যালয়ে কর্মরত সকল কর্মচারীর ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>(৯) শাখা ব্যবস্থাপক-সুপারভাইজার/সমমান এর নিম্নস্তরের সকল কর্মচারীর ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন।</p> <p>বৈদেশিক ভ্রমণ ভাতা বিল ব্যতিত অন্য কোন ভ্রমণ ভাতা বিল প্রদানের জন্য প্রাক নিরীক্ষা (pre-audit) অথবা বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগের ছাড়পত্রের প্রয়োজন হবে না।</p> |
|         | (খ) বৈদেশিক                         | মহাব্যবস্থাপক (প্রশাসন)-স্ব-আহরণী কর্মকর্তা ব্যতিত ভ্রমণকারীর পদমর্যাদা নির্বিশেষে সকল বৈদেশিক ভ্রমণ ভাতা বিল অনুমোদন করবেন। তবে যে কোন বৈদেশিক ভ্রমণ ভাতা বিল এর অর্থ প্রদানের পূর্বে প্রাক-নিরীক্ষা এবং বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগের ছাড়পত্র গ্রহণ করতে হবে।   |
| ২৭।     | যাতায়াত ব্যয়                      | <p>(১) প্রধান কার্যালয়ের মহাবিভাগ ও দপ্তর/বিভাগ/ইউনিট এর প্রধানগণ/সচিব/সহকারী মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয় (উপমহাব্যবস্থাপকের অনুপস্থিতিতে)/জনসংযোগ কর্মকর্তা, উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় এবং অন্যান্য কার্যালয়ের প্রধানগণ বাজেট সীমার মধ্যে স্ব স্ব কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অফিসের কাজে যাতায়াত খরচ অনুমোদন করবেন।</p> <p>(২) ব্যবস্থাপনা পরিচালকের স্টাফ অফিসার- বাজেট সীমার মধ্যে ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অফিস এর কাজে যাতায়াত খরচ (স্টাফ অফিসারসহ) অনুমোদন করবেন।</p> <p>(৩) উপব্যবস্থাপনা পরিচালকের স্টাফ অফিসার- বাজেট সীমার মধ্যে উপব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অফিস এর কাজে যাতায়াত খরচ (স্টাফ অফিসারসহ) অনুমোদন করবেন।</p> <p>(৪) সচিব, পর্ষদ সচিবালয়-জনসংযোগ কর্মকর্তা এবং চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব এর যাতায়াত খরচ অনুমোদন করবেন।</p>  |
| ২৮।     | টেলিফোন/টেলেক্স :                   |   |
|         | (ক) স্থাপন অনুমোদন                  | মহাব্যবস্থাপক (প্রশাসন)- প্রধান কার্যালয়/মাঠ কার্যালয় এবং কর্মকর্তাদের বাসস্থানে নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী টেলিফোন স্থাপন অনুমোদন করবেন।   |

| ক্র: নং | খাত   | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা   |
|---------|---|--|
|         | (খ) স্থানান্তর অনুমোদন                      | <p>(১) মহাব্যবস্থাপক (প্রশাসন)-প্রধান কার্যালয় ও প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের বাসস্থানে প্রাপ্যতা অনুযায়ী টেলিফোন স্থানান্তর অনুমোদন করবেন।</p> <p>(২) মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)-বিভাগীয় কার্যালয়সহ উক্ত কার্যালয়ের আওতাধীন কার্যালয়ে কর্মরত কর্মকর্তাদের টেলিফোন স্থানান্তর অনুমোদন করবেন।</p> <p>(৩) জোনাল ব্যবস্থাপক-জোনাল কার্যালয়/শাখা কার্যালয়ের টেলিফোন স্থানান্তর অনুমোদন করবেন।</p> <p>(৪) টেলিফোন স্থানান্তরের ক্ষেত্রে (যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থানান্তরিত হওয়ার পর) জোনাল ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক (ঢাকা কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয়সহ) প্রকৃত খরচ অনুমোদন করবেন। টেলিফোন স্থানান্তরের খরচ 'বিবিধ' খাতের মাসিক স্বাভাবিক খরচের সিলিং এর অন্তর্ভুক্ত হবে না।</p> |
|         | (গ) বিল প্রদান (টেলিফোন/টেলেক্স)            | <p>(১) উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ-প্রকৃত খরচ</p> <p>(২) সহকারী মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ-প্রতিক্ষেত্রে ১০,০০০/- টাকা পর্যন্ত</p> <p>(৩) অন্যান্য কার্যালয়ের প্রধানগণ-প্রকৃত খরচ।</p>  |
